দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

তারিখ 04 APR 1989
পৃষ্ঠা ... কলাম 3

### ছাত্র ইউনিয়ন সম্মেলনে জিল্লুর রহমান সিদ্দিকী

# দেশ কিভাবে চলবে, ছাত্রদের তা ভাবতে হবে

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

বিশিষ্ট শিক্ষাবিদ ও সাহিত্যিক অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী ভবিষ্যতে দেশ কিভাবে চলবে তা ঠিক করার জন্য ছাত্র সমাজের প্রতি আহ্বান জানিয়েছেন। তিনি বলেছেন, আবেগে উদ্বেলিত হবার সময় ছাত্রদের এখন আর নেই।

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের ২০তম জাতীয় সম্মেলন উদ্বোধনের সময় তিনি একথা বলেন। তিনদিনব্যাপী এই সম্মেলন গত কাল সোমবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে।

কলাভবন প্রাঙ্গণে অপরাজেয় বাংলার পাদদেশে বিশেষ ভাবে নির্মিত মঞ্চ থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক সিদ্দিকী সম্মেলন উদ্বোধন করেন। এ

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

### দেশ কিভাবে চলবে

(১ম পাতার পর)

সময় তিনি আরো বলেন, ৪০ বছর আগেও আমরা নামে মাত্র স্বাধীন ছিলাম, আজো তাই আছি। '৭১ সালে রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মাধ্যমে আনুষ্ঠানিক স্বাধীনতা এসেছে মাত্র, তার স্বাদ থেকে জনগণ এখনো বঞ্চিত। তিনি বলেন; স্বাধীন দেশের নাগরিকদের দায়িত্ব অত্যন্ত কঠিন, আমাদের সামনে যে সময় তাও কঠিন। কিন্তু যেকোন মূল্যে তা অতিক্রম করা ছাড়া আর কোন বিকল্প নেই বলে তিনি উল্লেখ করেন।

ছাত্র ইউনিয়ন প্রসঙ্গে অধ্যাপক সিদ্দিকী বলেন, এই সংগঠন গত ৩৭ বছর ধরে এদেশের তরুণদের আশা-আকাঙ্ক্ষার প্রতিনিধিত্ব করছে, প্রগতিশীল কর্মকাণ্ডে তারা কখনও পিছপা হয়নি, লক্ষ্যভ্রষ্ট হয়নি। মুক্তিকামী মানুষ ছাত্র ইউনিয়নের ওপর নির্দ্বিধায় আস্থা রাখতে পারে বলে তিনি উল্লেখ করেন।

সম্মেলন উদ্বোধনের আগে সংগঠনের সাংস্কৃতিক দল কবি শামসুর রাহমানের কবিতা অবলম্বনে 'আমার সুনীল চোখ' শীর্ষক গীতি নকশা পরিবেশন করে। উদ্বোধন ঘোষণার আগে অধ্যাপক সিদ্দিকী জাতীয় পতাকা এবং সংগঠনের সভাপতি মো: তাহের উল্লাহ সংগঠনের পতাকা উত্তোলন করেন। উদ্বোধনের সময় অসংখ্য পায়রা এবং রঙিন বেলুন উড়িয়ে দেয়া হয়। এ সময় কলাভবন প্রাঙ্গণ জুড়ে বিভিন্ন এলাকা থেকে আসা সংগঠনের অসংখ্য কর্মী এবং সংগঠনের সাবেক নেতৃবৃন্দ ও শুভানুধ্যায়ীরা উপস্থিত ছিলেন। উদ্বোধনী অনুষ্ঠানের পর ছাত্র ইউনিয়নের নেতা কর্মীদের একটি সুদীর্ঘ বর্ণাঢ্য শোভাযাত্রা রাজধানীর বিভিন্ন রাস্তা প্রদক্ষিণ করে।

বিকেলে টিএসসি'র সামনের মোড়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। মো: তাহের উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় সংগঠনের সাবেক নেতৃবৃন্দের মধ্যে বিশিষ্ট অভিনেতা আলী যাকের কৃষক নেতা নূহ-উল-আলম লেনিন, যুবনেতা মাহবুব জামান মহিলা নেত্রী মালেকা বেগম, শ্রমিক নেতা নুরুল ইসলাম, ক্ষেতমজুর নেতা খন্দকার মোহাম্মদ ফারুক ও সংগঠনের সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান বাবুল বক্তব্য রাখেন।

বক্তারা ছাত্র ইউনিয়নের গৌরবোজ্জ্বল ঐতিহ্যের কথা উল্লেখ করে সংগ্রামের সেই ধারা অব্যাহত রাখার জন্য বর্তমান প্রজন্মের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে সম্মেলন উপলক্ষে আয়োজিত সাহিত্য পোস্টার ও আলোকচিত্র প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। পরে সাংস্কৃতিক অনুষ্ঠান ও নাটক 'বিপ্লব গাঁথা' পরিবেশিত হয়। অনুষ্ঠানে জেনারেল ইউনিয়ন অব প্যালেস্টাইন স্টুডেন্টস-এর দু'জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। সম্মেলনের দ্বিতীয় ও তৃতীয় দিনে আজ ও আগামীকাল ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউটে কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হবে। সংগঠন সূত্রে বলা হয়েছে, ৭৪টি জেলা শাখার ৩০ হাজারেরও বেশী ছাত্রছাত্রী সম্মেলনে যোগ দিয়েছেন।